# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 29 March, 2025

আসন্ন ঈদুল ফিতর উপলক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের বিশেষ ব্যবস্থাপনায় ঘোষিত ট্রেন চলছে।ঈদে ট্রেনযাত্রার শেষ দিনেও হাজারো ঘরমুখো মানুষ ঢাকা ছাড়ছেন।

রোববার (৩০ মার্চ) সকাল থেকে পরিচালিত প্রত্যেকটি আন্তঃনগর ট্রেন নির্ধারিত সময় কমলাপুর রেলওয়ে স্টেশন ছেড়ে গেছে।

কমলাপুর স্টেশন ঘুরে দেখা যায়, বরাবরের মতই যাত্রীর চাপ রয়েছে স্টেশন এলাকায়।কেউ কেউ প্লাটফর্মে অপেক্ষা করছেন তার নির্ধারিত গন্তব্যের ট্রেনের জন্য।আর যেসব ট্রেন প্ল্যাটফর্মের লাইনে অবস্থান করছে সেসব ট্রেন ইতোমধ্যে যাত্রী বোঝাই হয়ে গেছে।প্রায় প্রতিটি কোচে যেন পা ফেলার জায়গা নেই।

জামালপুর এক্সপ্রেস ট্রেনের যাত্রী শাফিউর রহমান বলেন, ট্রেন ছাড়ার কিছু সময় আগে আমি ট্রেনের কাছে এসেছি।পরিবারসহ আমার সিটে যেতে অনেকটা বেগ পেতে হয়েছে।ট্রেন ভর্তি মানুষ ছিল।ট্রেনের ভেতর অনেক গরম।ট্রেন ছাড়লে হয়তো ঠিক হয়ে যাবে।

একতা এক্সপ্রেস ট্রেনের যাত্রী শাহিদ আল মিনার বলেন, ট্রেন যাত্রায় বরাবর যেরকম ভোগান্তি হয়েছে, এবার তেমন কোনও ভোগান্তি দেখছি না।স্টেশনে কোনও ভিড় নেই।অতিরিক্ত কোনও যাত্রীর চাপও নেই।শুধু কিছু মানুষ দাড়িয়ে যাচ্ছে।

ঢাকা রেলওয়ে স্টেশনের (কমলাপুর) স্টেশন মাস্টার মোহাম্মদ আনোয়ার হোসেন বলেন, বেলা ১১টা পর্যন্ত ১৫টি আন্তঃনগর ট্রেন স্টেশন ছেড়ে গেছে।প্রতিটি ট্রেনই নির্ধারিত সময়ে ঢাকা ছেড়েছে।ট্রেন চলাচল স্বাভাবিক আছে।

প্ল্যাটফর্ম ট্রেন ঈদুল ফিতর ট্রেনে

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:34

URL: https://www.timestodaybd.com/bangladesh/775807191